অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/17/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল I-787 করিডোরের পরিবেশ বিষয়ক স্টাডি জনগণের জন্য প্রকাশ করার ঘোষণা করলেন

I-787 এর পুনঃকল্পনা পরিকল্পনা এবং পরিবেশ বিষয়ক সংযোগ স্টাডি থেকে জনমত পর্যায়ে অগ্রসর হলো

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে অ্যালবানি কাউন্টির ইন্টারস্টেট 787 (Interstate 787, I-787) করিডোরের জন্য খসড়া পরিকল্পনা ও পরিবেশ বিষয়ক সংযোগ (Planning and Environment Linkages, PEL) স্টাডি জনগণের জন্য প্রকাশ করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) এবং ফেডারেল হাইওয়ে প্রশাসনের (Federal Highway Administration, FHWA) মধ্যকার সহযোগিতার মাধ্যমে হওয়া এই স্টাডিটির উদ্দেশ্য I-787 করিডোরে পরিবহন চাহিদার সমাধান করা এবং একই সাথে সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করা এবং হাডসন রিভারের ওয়াটারফ্রন্টের অ্যাক্সেস উন্নত করা।

1960 এর দশকে নির্মিত I-787 হাডসন রিভারের সমান্তরালে চলে এবং এটি অ্যালবানি এবং ওয়াটারভিয়েট সিটি এবং একই সাথে কলোনি এবং মেনান্ড টাউন এবং গ্রিন আইল্যান্ড ভিলেজে ব্যবহার হয়ে থাকে। PEL স্টাডিটি I-787 করিডোরের পুনর্নির্মাণের একাধিক বিকল্প বিবেচনা করে, স্থানীয় বাসিন্দাদের জন্য বিভিন্ন জীবনযাত্রার মান বিষয়ক প্রস্তাবনা করে এবং 2018 সালের ক্যাপিটাল রিজিয়নের পরিবহন পরিষদের (Capital Region Transportation Council) I-787 হাডসন ওয়াটারফ্রন্ট করিডোর স্টাডির (I-787 Hudson Waterfront Corridor Study) অনুবর্তী যেখানে করিডোরের অবকাঠামো উন্নত করতে প্রয়োজনীয় বিভিন্ন ধারণা এবং অতিরিক্ত বিশ্লেষণের রূপরেখা প্রদান করা হয়েছে, এবং নদীর সাথে এবং পরস্পরের সাথে সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করার সুযোগ সনাক্ত করা হয়েছে।

"হাডসন রিভারের ওয়াটারফ্রন্ট হলো ক্যাপিটাল রিজিয়নের সবথেকে বড় সম্পদগুলির একটি, এবং I-787 এর নির্মাণ বহু প্রজন্ম ধরে এই প্রাকৃতিক বিস্ময়ের অ্যাক্সেস কেড়ে নিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "এই স্টাডিটি সকলের জন্য আরো অ্যাক্সেসিবল ওয়াটারফ্রন্ট তৈরির মাধ্যমে I-787 এর নিকটে বসবাস ও কাজ করা নিউ ইয়র্কবাসীকে অগ্রাধিকার প্রদান করে এবং তাদের সম্প্রদায়কে আরো উন্নত করার উল্লেখযোগ্য জীবনযাত্রার মান বিষয়ক প্রস্তাবনা উপস্থাপন করেছে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বাধীনে আমরা বিদ্যমান অবকাঠামোর পুনঃকল্পনা করছি এবং অ্যালবানিসহ পুরো স্টেটের সম্প্রদায়সমূহের মধ্যকার সংযোগ পুনরায় স্থাপন করার কাজ করছি, যার মধ্যে রয়েছে I-787 এর মূল নির্মাণের সময় পৃথক হয়ে পড়া প্রতিবেশী সম্প্রদায়, ওয়াটারফ্রন্ট, ব্যবসা বা আবাসনের সাথে সংযোগ। I-787 করিডোর পুনঃকল্পনা করার ব্যাপারে জনগণের আগ্রহ ও অংশগ্রহণের মাত্রা উদ্দীপক এবং সম্প্রদায়ে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের অব্যাহত জড়িতকরণ দেখার জন্য আমি উন্মুখ যা এই করিডোরের ভবিষ্যতকে সরাসরি অবগত করবে।"

অ্যাসেম্বলির সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "আজকের খসড়া স্টাডিটি আমাদের ক্যাপিটাল রিজিয়নের জন্য একটি সামগ্রিক, আরো উজ্জ্বল ভিশনের প্রতিনিধিত্ব করে। এই পুরো প্রক্রিয়াজুড়ে আমাদের সম্প্রদায়কে জড়িত করা হয়েছে এবং প্রত্যেক পর্যায়ে তারা খুব কাছ থেকে জড়িত হয়েছে। কয়েক বছর পূর্বে আমরা যখন এই ভিশন শুরু করি তখন এটি একটি পুনরায় সংযুক্ত হাডসন রিভারের ওয়াটারফ্রন্টের রূপে আমাদের সম্পূর্ণ সম্ভাবনা পূরণ হতে দেখার আকাঙ্ক্ষা ক্যাপিটাল রিজিয়নে জাগ্রত করেছে। সেই চূড়ান্ত নকশা ও ধারণার দিকে আমরা অগ্রসর হচ্ছি, এবং নিজেদের মত প্রকাশ করা অব্যাহত রাখতে আমি জনগণকে তাগিদ প্রদান করছি। একত্রে আমরা আমাদের এলাকার জন্য একটি নতুন ভবিষ্যৎ তৈরি করছি যা ঐতিহাসিক ভুলগুলিকে সংশোধন করবে এবং আগামী বহু দশকের জন্য একটি নতুন ক্যাপিটাল রিজিয়ন তৈরি করবে।"

অ্যাসেম্বলির সদস্য জন টি ম্যাকডোনাল্ড দ্য থার্ড, RPh বলেন, "I-787 এর ভবিষ্যৎ সম্পর্কে আমাদের সম্প্রদায়ের সদস্যদের মতামত অত্যাবশ্যকীয়। এই খসড়া প্রতিবেদনে অতিরিক্ত জনমত পাওয়ার জন্য NYSDOT একটি ওপেন হাউজের আয়োজন করেছে। এই পুরো প্রক্রিয়ার সময় NYSDOT বহু সংখ্যক জনগণকে জড়িত করার বৈঠকের আয়োজন করেছে এই উপলব্ধি থেকে যে আমাদের বাসিন্দাদের মতামত অতি গুরুত্বপূর্ণ।"

অ্যালবানি সিটির মেয়র ক্যাথি শিহান বলেন, "রিইমাজিন-787 (Reimagine-787) স্টাডির প্রতি তাদের অব্যাহত প্রতিশ্রুতির কারণে গভর্নর, DOT এবং আমাদের বিধানিক অংশীদারদের আমি ধন্যবাদ জানাতে চাই। অ্যালবানির মেয়র হিসেবে, আমাদের সিটিকে এর ওয়াটারফ্রন্টের সাথে পুনরায় সংযুক্ত করার এই প্রকল্পের সম্ভাবনার ব্যাপারে আমি খুশি। জনগণের মন্তব্য এবং এই প্রক্রিয়ায় জড়িত হওয়ার মাধ্যমে নিজেদের কথা ব্যক্ত করার জন্য আমাদের বাসিন্দাদের আমি উৎসাহিত করছি। এই প্রকল্পে আপনারা যে মতামত প্রদান করবেন তা আমাদের কল্পনার শহর গঠন করতে সাহায্য করা সম্ভব করবে।"

রেনসেলার সিটির মেয়র মাইকেল স্ট্যামেল বলেন, "রিইমাজিন 787 এর জন্য অ্যালবানি থেকে শুরু করে রেনসেলারের বাসিন্দা এবং বহু নাগরিক গোষ্ঠীর থেকে আমি প্রচুর সম্প্রদায়ের সমর্থন দেখছি। ব্রিজ অ্যাবাটমেন্ট, র‍্যাম্প এবং মাথার উপরের রাস্তা ব্যতীত ঐতিহাসিক হাডসন রিভারে জনগণের অ্যাক্সেস সম্ভব করা হলে তা নদীর উভয় পাশের ডাউনটাউনকে উজ্জ্বল উড়বে এবং একই সাথে ব্যবসায়ের সুযোগ প্রদান করবে এবং সেই সাথে ইন্টারস্টেট 87 এবং I-90 এর অ্যাক্সেস প্রদান করবে।"

2023 সালের জুলাই মাসে এবং 2024 সালের মে মাসে অ্যালবানির ডাউনটাউনের দুইটি ওপেন হাউজে কয়েকশত বাসিন্দা ও স্টেকহোল্ডার উপস্থিত ছিলেন, এবং এর ফলে কয়েক হাজার মন্তব্য পাওয়া গেছে যা খসড়া PEL প্রতিবেদন তৈরিকে অবগত করেছে। পাশাপাশি, প্রত্যেক স্টেকহোল্ডারের কাছে যাতে প্রক্রিয়ার অংশ হওয়ার একটি সুযোগ থাকে তা নিশ্চিত করার জন্য গত বছর NYSDOT কয়েক ডজন ক্ষুদ্রতর সম্প্রদায়ের ওপেন হাউজের আয়োজন করেছে।

ডাউনটাউন অ্যালবানিতে অ্যালবানি ক্যাপিটাল সেন্টারের প্রথম পর্যায়ে আগামী সপ্তাহে, 23 অক্টোবর, বুধবার, বিকাল 4টা থেকে সন্ধ্যা 7তা পর্যন্ত একটি ওপেন হাউজ দ্বারা জনগণের প্রতি আউটরিচ অব্যাহত থাকবে। কর্মসূচিতে খসড়া প্রতিবেদন সম্পর্কে এবং একই সাথে পরিবহন চাহিদা পূরণ করার এবং I-787 করিডোরের সংলগ্নে সম্প্রদায়ের সংযোগ ও ওয়াটারফ্রন্ট অ্যাক্সেস উন্নত করার সম্পর্কে বিস্তারিত জানানো হবে। এছাড়াও এইসব ধারণা নিয়ে আলোচনা করতে, প্রশ্নের উত্তর দিতে এবং মতামত সংগ্রহ করতে "রিইমাজিন I-787" এর স্টাডি দল ইন্টারেক্টিভ স্টেশনের জন্য উপলভ্য থাকবে।

মূল ওপেন হাউজের পাশাপাশি নিম্নলিখিত অবস্থানসমূহে ছোট, সম্প্রদায়কেন্দ্রিক ইভেন্ট আয়োজন করা NYSDOT অব্যাহত রাখবে:

- অ্যালবানির দ্য ফার্স্ট চার্চ: 110 নর্থ পার্ল স্ট্রিট, মঙ্গলবার, 29 অক্টোবর, বিকাল 5টা থেকে সন্ধ্যা 7টা।
- অ্যালবানি আবাসন কর্তৃপক্ষ: 200 সাউথ পার্ল স্ট্রিট, বুধবার, 30 অক্টোবর, বিকাল 5টা থেকে সন্ধ্যা 7টা।
- হোয়ে লাইব্রেরি: 105 স্ক্যুইলার স্ট্রিট, বুধবার, 6 নভেম্বর, বিকাল 5টা থেকে সন্ধ্যা 7টা।

PEL স্টাডি অগ্রসর হওয়ার সময় এটি সম্পর্কে জানা এবং মতামত প্রকাশ করার জন্য প্রত্যেক স্টেকহোল্ডারের যাতে প্রচুর সুযোগ থাকে তা নিশ্চিত করতে NYSDOT প্রতিশ্রুতিবদ্ধ। স্টাডিটি সম্পর্কে আরো জানার জন্য, বা মতামত জমা দেওয়ার জন্য, অনুগ্রহ করে স্টাডির ওয়েবসাইট ভিজিট করুন: 787.dot.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন